

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০০৪২.২২.০০১.১৭- ২০১৪

তারিখ: ০৬ পৌষ ১৪২৭
২০ ডিসেম্বর ২০২০

বিষয়: মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক প্রতিশ্রুত গৃহ নির্মাণের অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত প্রেরণ সংক্রান্ত।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০১৯-১২৪০; তারিখ: ১৭/১২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৭/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক প্রতিশ্রুত গৃহ নির্মাণের অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক রাজস্ব তহবিল হতে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণের তালিকা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৬পাতা।

(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

Email:lgzp@lgd.gov.bd

১। চেয়ারম্যান, জেলা পরিষদ (সকল), জেলা।

২। প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ (সকল), জেলা।

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপসচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

- বিষয় : মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক প্রতিশ্রুত গৃহ নির্মাণের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে Zoom Apps – এর মাধ্যমে ভার্চুয়াল সভার কার্যবিবরণী।
- সভাপতি : হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- তারিখ : ০৭/১২/২০২০ খ্রি.
- সময় : সন্ধ্যা ০৭.৩০ ঘটিকা

সভার প্রারম্ভে সভাপতি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুত প্রতিটি ঘরহীন মানুষকে ঘর তৈরি করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। মুজিববর্ষের মধ্যে ভূমিহীন ও গৃহহীন সব পরিবারের জন্য ঘর নিশ্চিতে সর্বাঙ্গিক কাজ করে যাচ্ছে সরকার। নির্দিষ্ট সময়ের (মুজিববর্ষ) মধ্যে সবার জন্য গুণগত মানের ঘর নিশ্চিতে মাননীয় প্রধানমন্ত্রী যে সব নির্দেশনা দিয়েছেন সেগুলো বাস্তবায়নে সরকার সর্বাঙ্গিক কাজ করে যাচ্ছে। এ বিষয়ে মাঠ প্রশাসন ও জনপ্রতিনিধিদেরও প্রয়োজনীয় নির্দেশনা পৌঁছে দেওয়া হয়েছে।

‘বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না’ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ব্যাপক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের যে সকল কর্মকর্তা তাদের নিজস্ব অর্থায়নে গৃহ নির্মাণ করতে ইচ্ছুক তাদের তালিকা পরিশিষ্ট-১ এ দেখানো হল। এ ছাড়াও সে সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ ও উপজেলা পরিষদ রাজস্ব রাজস্ব তহবিলের অর্থায়নে গৃহ নির্মাণ করতে ইচ্ছুক তাদের তালিকা পরিশিষ্ট-২ এ দেখানো হল। উক্ত তালিকা অনুযায়ী এ বিভাগের উদ্যোগে আনুমানিক সর্বমোট ২১৭৯টি গৃহ নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মুজিব শতবর্ষে দেশের সকল গৃহহীনদের জন্য স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/ সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং আগ্রহী কর্মকর্তাগণ কর্তৃক প্রতিশ্রুত গৃহ নির্মাণের অগ্রগতি পর্যালোচনায় বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১।	স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার আগ্রহী কর্মকর্তাগণ যারা নিজ অর্থায়নে গৃহ নির্মাণ করে দিবেন তাঁরা নিজ কর্মস্থল অথবা নিজ স্থায়ী ঠিকানায় উপকারভোগী নির্ধারণ করবেন।	স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার আগ্রহী কর্মকর্তাগণ

নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
২।	খ শ্রেণীর পরিবারে (যার সর্বোচ্চ ১০ শতাংশ জমির সংস্থান আছে কিন্তু ঘর নেই এমন পরিবারকে বুঝাবে) জন্য অথবা ঘর থাকলেও জীর্ণ-শীর্ণ এমন পরিবারকে গৃহ নির্মাণ করে দিতে হবে।	স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার আগ্রহী কর্মকর্তাগণ
৩।	স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও সিটি কর্পোরেশন) নিজ নিজ অধিক্ষেত্রে উপকারভোগী নির্ধারণ করবে।	সিটি কর্পোরেশন, জেলা পরিষদ ও উপজেলা পরিষদ
৪।	প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ন-২ প্রকল্পের ০১/১০/২০২০ তারিখের ০৩.০২.০০০০.৭০২.১৪.৬৭৭.১৩-১২২২ নং আদেশ মোতাবেক নির্ধারিত ডিজাইন অনুযায়ী প্রতিটি একক গৃহের আয়তন ৩৯৪ বর্গফুট। ২(দুই) কক্ষ বিশিষ্ট সেমি পাকা গৃহে একটি টয়লেট, একটি রান্নার কক্ষ ও ইউটিলিটি স্পেস রয়েছে। মালামাল ক্রয়ের ক্ষেত্রে গুণগত মান নিশ্চিত করতে হবে। প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রতিটি গৃহের ন্যূনতম প্রাক্কলিত ব্যয় ভ্যাট ও আইটি ব্যতীত ১,৭১,০০০.০০ (এক লক্ষ একাত্তর হাজার) টাকা, ভ্যাট ও আইটিসহ প্রাক্কলিত ব্যয় ১,৮৭,২৪৫.০০ (এক লক্ষ সাতাশ হাজার দুইশত ষয়তাল্লিশ) টাকা এবং সরাসরি ক্রয় প্রক্রিয়া (ডিপিএম) পদ্ধতিতে ঠিকাদারের মাধ্যমে নির্মাণের ক্ষেত্রে ন্যূনতম প্রাক্কলিত ব্যয় ২,১২,৪৪৩.০০ (দুই লক্ষ বার হাজার চারশত তেতাল্লিশ) টাকা নির্ধারণ করতে হবে। তবে বাস্তবতার নিরিখে প্রাক্কলিত ব্যয় কিছুটা বৃদ্ধি পেতে পারে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে কেস টু কেস ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।	<ul style="list-style-type: none"> স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিশ্রুত কর্মকর্তা; সিটি কর্পোরেশন, জেলা পরিষদ ও উপজেলা পরিষদ
৫।	স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও সিটি কর্পোরেশন) রাজস্ব তহবিল হতে গৃহ নির্মাণ সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে হবে। স্থানীয় সরকার বিভাগের স্ব-স্ব অনুবিভাগ/অধিশাখা/শাখা হতে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা/পরিপত্র জারি করতে হবে। এ বিভাগের উপজেলা অধিশাখা কর্তৃক ৪৯২টি উপজেলার মধ্যে কোন উপজেলায় কয়টি গৃহ নির্মাণ করবে তা নির্ধারণ করে দিতে হবে।	<ul style="list-style-type: none"> উপজেলা অধিশাখা, নগর উন্নয়ন-১ অধিশাখা ও জেলা পরিষদ শাখা সিটি কর্পোরেশন, জেলা পরিষদ ও উপজেলা পরিষদ
৬।	১৭/০৩/২০২১ তারিখের মধ্যে গৃহ নির্মাণ কাজ শেষ করতে হবে।	<ul style="list-style-type: none"> স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিশ্রুত কর্মকর্তা; সিটি কর্পোরেশন, জেলা পরিষদ ও উপজেলা পরিষদ
৭।	১৭/০৩/২০২১ তারিখের পরে গৃহ নির্মাণের কার্যক্রম সম্পাদন করে স্থির চিত্র সম্বলিত একটি স্মরণিকা প্রকাশ করতে হবে।	<ul style="list-style-type: none"> স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান।

নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
৮।	সিটি কর্পোরেশন কর্তৃক গৃহ নির্মাণের জন্য নিম্নরূপ প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে: ১) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট অঞ্চল/ সচিব, সিটি কর্পোরেশন - সভাপতি ২) সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর - সদস্য ৩) সংরক্ষিত ওয়ার্ডের মহিলা কাউন্সিলর - সদস্য ৪) নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট অঞ্চল/জোন - সদস্য ৫) সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট অঞ্চল/জোন - সদস্য-সচিব	• সিটি কর্পোরেশনসমূহ
৯।	জেলা পরিষদ কর্তৃক গৃহ নির্মাণের জন্য নিম্নরূপ প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে: ১) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ - সভাপতি ২) সংশ্লিষ্ট ওয়ার্ডের জেলা পরিষদের সদস্য - সদস্য ৩) সংরক্ষিত ওয়ার্ডের জেলা পরিষদের মহিলা সদস্য - সদস্য ৪) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান - সদস্য ৫) সহকারী প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী, জেলা পরিষদ - সদস্য-সচিব	• জেলা পরিষদসমূহ
১০।	উপজেলা পরিষদ কর্তৃক গৃহ নির্মাণের জন্য নিম্নরূপ প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে: ১) উপজেলা নির্বাহী অফিসার - সভাপতি ২) উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (উপজেলা চেয়ারম্যান কর্তৃক মনোনীত) - সদস্য ৩) উপজেলা প্রকৌশলী, এলজিইডি - সদস্য ৪) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান - সদস্য ৫) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা - সদস্য-সচিব	• উপজেলা পরিষদসমূহ

সভাপতি মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণে জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন।

স্বাক্ষরিত/-

১৭/১২/২০২০

(হেলালুদ্দীন আহমদ)

সিনিয়র সচিব

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক রাজস্ব তহবিল হতে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণের
তালিকা

ক্রমিক নং	স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নাম	প্রতিশ্রুত গৃহের সংখ্যা
১.	পিরোজপুর জেলা পরিষদ	৫৭ টি
২.	চট্টগ্রাম জেলা পরিষদ	৫০ টি
৩.	গাইবান্ধা জেলা পরিষদ	৫০ টি
৪.	যশোর জেলা পরিষদ	৫০ টি
৫.	কুমিল্লা জেলা পরিষদ	৪৬ টি
৬.	চাঁদপুর জেলা পরিষদ	৩০ টি
৭.	সিলেট জেলা পরিষদ	২৭ টি
৮.	মানিকগঞ্জ জেলা পরিষদ	২৫ টি
৯.	কক্সবাজার জেলা পরিষদ	২৫ টি
১০.	নোয়াখালী জেলা পরিষদ	২৫ টি
১১.	রংপুর জেলা পরিষদ	২৫ টি
১২.	খুলনা জেলা পরিষদ	২৫ টি
১৩.	কুষ্টিয়া জেলা পরিষদ	২৫ টি
১৪.	সুনামগঞ্জ জেলা পরিষদ	২৫ টি
১৫.	পাবনা জেলা পরিষদ	২৩ টি
১৬.	চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদ	২২ টি
১৭.	ঢাকা জেলা পরিষদ	২০ টি
১৮.	বগুড়া জেলা পরিষদ	২০ টি
১৯.	ব্রাহ্মণবাড়ীয়া জেলা পরিষদ	২০ টি
২০.	সিরাজগঞ্জ জেলা পরিষদ	১৮ টি
২১.	হবিগঞ্জ জেলা পরিষদ	১৫ টি
২২.	দিনাজপুর জেলা পরিষদ	১৩ টি
২৩.	নওগাঁ জেলা পরিষদ	১১ টি
২৪.	গাজীপুর জেলা পরিষদ	১০ টি
২৫.	নারায়নগঞ্জ জেলা পরিষদ	১০ টি
২৬.	কিশোরগঞ্জ জেলা পরিষদ	১০ টি
২৭.	লক্ষীপুর জেলা পরিষদ	১০ টি
২৮.	পঞ্চগড় জেলা পরিষদ	১০ টি
২৯.	ঝিনাইদহ জেলা পরিষদ	১০ টি
৩০.	টাঙ্গাইল জেলা পরিষদ	১০ টি
৩১.	রাজশাহী জেলা পরিষদ	৯ টি
৩২.	মৌলভীবাজার জেলা পরিষদ	৭ টি
৩৩.	নাটোর জেলা পরিষদ	৭ টি
৩৪.	মুন্সিগঞ্জ জেলা পরিষদ	০৬ টি

৩৫.	নরসিংদী জেলা পরিষদ	০৬ টি
৩৬.	ফেনী জেলা পরিষদ	০৬ টি
৩৭.	ফরিদপুর, গোপালগঞ্জ, ময়মনসিংহ, জয়পুরহাট, বরিশাল, পটুয়াখালী জেলা পরিষদ (প্রতি জেলা পরিষদ ৫টি করে)	৩০ টি
৩৮.	জামালপুর জেলা পরিষদ	৪ টি
৩৯.	রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর, শেরপুর, নেত্রকোনা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, বাগেরহাট, সাতক্ষীরা, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, ঝালকাঠী, বরগুনা, ঠাকুরগাঁও জেলা পরিষদ (প্রতি জেলা পরিষদ ২টি করে)	৩৬ টি
৪০.	গাজীপুর সিটি কর্পোরেশন	২০০ টি
৪১.	চট্টগ্রাম সিটি কর্পোরেশন	১০ টি
৪২.	রংপুর সিটি কর্পোরেশন	০৮ টি
৪৩.	ময়মনসিংহ সিটি কর্পোরেশন	০২ টি
৪৪.	উপজেলা পরিষদসমূহ	১০০০ টি
	উপমোট	২০৪৮ টি

M. M. Rahman